

King James I (1603-1625)

The Jacobean Period

1603 - 1625

Named after
King James

Latin
Jacobus=James
(Jacobean)

এ যুগের কিছু গুরুত্বপূর্ণ তথ্য:

- এ যুগে **Metaphysical Poet ও Cavalier Poet**-দের আবির্ভাব ঘটে।
- স্কটল্যান্ড ইংল্যান্ডের রাজার শাসনাধীনে চলে যায়।
- ব্রিটিশ কলোনিয়ালিজম শুরু হয় অর্থাৎ ব্রিটেন গ্রেট ব্রিটেন নামে আখ্যা পায়।
- **Non-Dramatic Poetry** এ যুগে জনপ্রিয় হয়ে ওঠে।

What is Metaphysical Poetry???

‘Meta’ অর্থ ‘উর্ধ্বে’ Physical বা শরীরবৃত্তীয় তথা প্রাকৃত বা বস্তুগত পৃথিবীর উর্ধ্বে (beyond) বোঝাতে, অথবা আরও সহজ ভাষায় ‘অতিপ্রাকৃত’ বা ‘আধ্যাত্মিক’ ব্যাপারটি বোঝাতে

Metaphysical শব্দটি ব্যবহার করা হয়।

এ ধরনের কবিতায় ‘Metaphysical Conceit’ তথা ‘অতিপ্রাকৃত তুলনা’ র ব্যবহার দেখা যায়।

- ‘যেমন ‘The Flea’ কবিতায় কবি John Donne তার প্রিয়তমাকে নিষেধ করছেন Flea (একধরনের রক্তপায়ী, রোগসৃষ্টিকারী পতঙ্গ)-কে মারতে। এই পতঙ্গটি তার ও তার প্রেমিকা উভয়ের রক্ত পান করেছে। কবির যুক্তি হলো, এই পতঙ্গটির দেহ একটি পবিত্র মন্দিরের মতো, যেখানে তাদের উভয়ের রক্তের মিলন হয়েছে। এ যেন বিবাহের চাইতেও বড় এক বন্ধনে আবদ্ধ হয়েছেন তারা।

“This flea is you and I, and this

Our marriage bed, and marriage temple is...”

একটা পতঙ্গের দেহকে ফুলশয্যার সাথে তুলনা...এমন অভাবনীয় কিন্তু নান্দনিক কল্পনাই Metaphysical Poetry র সৌন্দর্য।

Metaphysical Poetry

- ✓ Abrupt Beginning
- ✓ Abstract Theme
- ✓ Use of Extended Metaphor
- ✓ Dramatic Effect
- ✓ Intellectual wit & passionate thought
- ✓ Colloquial (কথ্য) Diction

Famous Metaphysical Poets

- **John Donne**
- **George Herbert**
- **Andrew Marvell**
- **Henry Vaughan**
- Abraham Cowley



John Donne

Father of metaphysical poets

Poets of love

Poet of Religion

John Donne Famous Poem

- The Good Morrow
- A Valediction Forbidding Mourning
- The Canonization
- The Sun Rising

-
- For Whom The Bell Tolls
 - The Twicknam Garden
 - Loves Growth
 - The Ecstasy
 - Batter my heart

The Good, Bright Canon Sings For The Love of Eternal Batter

- **The Good** – The Good Morrow
- **Bright** – A Valediction: Forbidding Mourning
- **Canon** – The Canonization
- **Sings** – The Sun Rising
- **For** – For Whom The Bell Tolls
- **The** – The Twicknam Garden
- **Love** – Love's Growth
- **Eternal** – The Ecstasy
- **Batter** – Batter My Heart

যদি সূর্য এদের ডিস্টার্ব করতো?



সূর্যের হাত থেকে বাঁচতে



The Sun Rising




John
Donne

'The Sun Rising' কবিতার সারমর্ম

- কবি জন ডান তার প্রেমের কবিতা 'The Sun Rising' এ প্রেম গাঁথার কথা বলতে গিয়ে সূর্যের প্রতি নানা অভিযোগ উত্থাপন করেছেন। তিনি কবিতায় সূর্যকে ব্যস্ত বৃদ্ধ বোকা, বড়ই বেয়ারা আর দুরন্ত স্বভাবের বলে চরিত্রায়ন (Personify) করেছেন। কবির ভাষায়-
 - **Busy old fool, unruly sun,** (ব্যস্ত বৃদ্ধ বোকা, অবাধ্য সূর্য)
 - Why dost thou thus,** (কেন তুমি এমন কর)
 - Through windows, and through curtains call on us?** (জানালা পর্দা ভেদি এলে কেন আমাদের ডাকো?)

- প্রেমিক-প্রেমিকার গোপন গৃহেও তার আলোক শিখা উকি-ঝুঁকি দেয়। কবি মনে করেন সূর্যের এটা বড়োই গর্হিত কাজ, এ কাজ ছাড়া সূর্যের কি আর কোন কাজ নেই? এ জগতে আছে কতো বিচার বুদ্ধিহীন হতভাগার দল, তাদের মাঝে আলোক শিখা বিতরণ করে তাদের উদ্দীপিত করার কথা বলেন তিনি। যেসব হতভাগার দল অন্ধকারে নিমজ্জিত, যেসব বালকেরা তাদের সময়কে মূল্য দেয় না (বিসিএস কোর্সিং এ ভর্তি হয়ে পড়াশোনা করেনা) তাদেরকে বকা দিতে বলেছেন।

The Sun Rising



*“Love, all alike, no season knows, nor
clime, nor hours, days, months, which
are the rags of time.”*

John Donne

TheFamousPeople.com

- 'The Sun Rising' কবিতায় কবি তার ও তার প্রেয়সীর শয়নকক্ষকে অভিহিত করেছেন **পৃথিবীর কেন্দ্র** হিসেবে। তিনি সূর্যকে ডেকে বলছেন,

“তোমার কাজ যখন পৃথিবীকে উষ্ণতা দেয়া, তো আমাদের (কবি ও তার প্রেমিকা) উষ্ণতা দেয়াতেই সে কাজ তোমার পূর্ণ হয়ে গেছে। কারণ পুরো পৃথিবীটাই আমাদের মাঝে সংকুচিত হয়ে রয়েছে। আমাদের আলো দিলেই তোমার সর্বত্র আলো দেয়া হবে।

আমাদের এই বিছানা তোমার কেন্দ্র, আর ঘরের দেয়ালগুলো হলো তোমার অক্ষরেখা।”

“**Shine to us, and thou art everywhere;**


These beds thy center is, these walls, thy sphere.”

**She's all states and all
princess, I, Nothing else is.**

-The Sun Rising (John Donne)



A Valediction: Forbidding Mourning



A Valediction: Forbidding Mourning

As virtuous men pass mildly away,
And whisper to their souls, to go,
Whilst some of their sad friends do say,
The breath goes now, and some say, 'No:'

So let us melt, and make no noise,
No tear-floods, nor sigh-tempests move;
'Twere profanation of our joys
To tell the laity our love.

Moving of th' earth brings harms and fears;
Men reckon what it did, and meant;
But trepidation of the spheres,
Though greater far, is innocent.

Dull sublunary lovers' love
(Whose soul is sense) cannot admit
Absence, because it doth remove
Those things which elemented it.

But we by a love so much refin'd,
That ourselves know not what it is,
Inter-assured of the mind,
Care less, eyes, lips, and hands to miss.



John Donne



A Valediction: Forbidding Mourning


- এ কবিতাটি কবি তাঁর স্ত্রী এ্যানিমোরকে উদ্দেশ্য করে রচনা করেছেন। কবি কয়েক সপ্তাহের জন্য বেড়াতে গিয়েছিলেন ফ্রান্সে। তাঁর অনুপস্থিতিতে তাঁর পত্নী বিয়োগ ব্যথায় অসুস্থ হয়ে পড়েন। কবি তাঁর পত্নীকে সান্ত্বনা দিয়ে বলেন, আমাদের এই আলাদা হওয়ার বিষয়টিকে অধিক গুরুত্ব দিয়ে শোকাবহ করে তুলো না। এটা আনন্দকে অপবিত্র করে দেবে। কবি বলেন, তার প্রেম এতোটাই খাঁটি যে তিনি দূরে সরে এলেও তাদের দুজনার প্রেম খাঁটি ও নিখাদ, সাময়িক এই দূরত্ব তাদের মাঝে কোনো সমস্যা সৃষ্টি করবে না, ঠোঁট আর হাতের স্পর্শ না পেলেও মনের ভেতরের আবেগ, ভালোবাসার কোনো রূপ ঘাটতি হবে না। যেহেতু দুজনের হৃদয় এক সে কারণেই দুজনের ভালোবাসায় কোনো রূপ ফাটল তৈরি হবে না।

A Valediction: Forbidding Mourning

If they be two, they are two so
As stiff twin compasses are two;
Thy soul, the fixed foot, makes no
show
To move, but doth, if the other do.

"যদি তারা দুই হয়, তবে তারা দুই সেইভাবে
যেমন শক্ত যমজ কম্পাসের দুইটি।
তোমার আত্মা, স্থির পদ, কোনো চিহ্ন দেয় না
নাড়ানোর, কিন্তু নড়ে, যদি অন্যটি নড়ে।"

Twicknam Garden -John Donne



‘Twicknam Garden’ by John Donne is a metaphysical poem that expresses the speaker’s anguish **after being deceived** by a lady in love.

- জন ডান এর "Twicknam Garden" কবিতাটি প্রেমের কবিতা হলেও এটিকে ভালোবাসার দীর্ঘশ্বাসও বলা যেতে পারে। কবি বাগানে এসেছেন বসন্ত খুঁজতে হতাশা আর বেদনার অশ্রুধারণ করে। কবি বলেন, তিনি তাঁর হৃদয়ে বিশ্বাসঘাতক ভালোবাসা লালন করে এসেছেন, যা ঘন ঘন রূপ বদল করে। স্বর্গীয় বিষয়কে ভরে দেয় বিষাদে। কবি বলেন **শীতকালই তাঁর জন্য ভালো** ছিল, এটা হলে বরফে ঢেকে যেন বৃক্ষগুলো, যেগুলো আর কবির দিকে তাকিয়ে বিদ্রূপ করতে পারত না। কবি এখানে ভালোবাসার দ্বারা প্রত্যাখাত হয়ে বাগানে এসেছিলেন শান্তি খুঁজতে।

ও পাষানী বলে যাও কেনো
ভালোবাসোনি মুছে দিয়ে যাও
তুমি এই চোখের পানি



The canonization

John Donne (1572-1631)

The Canonization

For God's sake hold your tongue, and let me love,
Or chide my palsy, or my gout,
My five grey hairs, or ruined fortune flout;
With wealth your state, your mind with arts improve,
Take you a course, get you a place,
Observe his Honor, or his Grace;
Or the king's real, or his stamped face
Contemplate; what you will, approve,
So you will let me love.

Alas, alas, who's injured by my love?
What merchant's ships have my sighs drowned?
Who says my tears have overflowed his ground?
When did my colds a forward spring remove?
When did the heats which my veins fill
Add one more to the plaguy bill?
Soldiers find wars, and lawyers find out still
Litigious men, which quarrels move,
Though she and I do love.

The canonization

- “Canonization” শব্দটি মূলত ধর্মীয় প্রক্রিয়া, যার মাধ্যমে কাউকে **সন্ত (saint)** হিসেবে ঘোষিত করা হয়। এই কবিতায় Donne প্রেমিক-প্রেমিকাকে এমন এক উচ্চতায় নিয়ে গেছেন যেখানে তাদের প্রেমকে **পবিত্র ও অমর** বলে বিবেচনা করা যায়।
- কবি প্রেমকে ধর্মীয় আচার-অনুষ্ঠানের মতো পবিত্র বলে উপস্থাপন করেছেন।
- তাদের প্রেম ধর্মীয় সাধনার মতোই পরিশুদ্ধ এবং মানব জীবনের এক মহান দৃষ্টান্ত।
- তাদের প্রেমকে ভবিষ্যতে “**canon**” বা পবিত্র গ্রন্থের মতো সুরণ করা হবে।

- কবি জন ডান তাঁর “The Canonization” কবিতায় ভালোবাসার তরে একটি নিরিবিলি ক্ষণ কামনা করেছেন। তিনি জগতের কারো বিরক্তি উৎপাদন করে, কারো সমস্যা সৃষ্টি করে ভালোবাসার প্রকাশ ঘটাতে চান না। তিনি একান্তে নিরিবিলি তাঁর প্রিয়াকে ভালোবাসতে চান। তিনি অন্যদেরকে বলেন তোমরা তোমাদের অর্থবিত্ত নিয়ে সন্তুষ্ট থাকো শুধু আমাকে নিরিবিলি ভালোবাসতে দাও। মামলাবাজেরা মামলা করুক, সৈনিকেরা যুদ্ধ করুক, তাতে কবির কিছু যায় আসে না তিনি নীরবে তাঁর প্রেমিকাকে ভালোবেসে যাবেন। কবি বলেন, তোমরা আমাকে যা খুশি তাই বলো, আমার কিছু যায় আসে না, আমি আর আমার প্রেমিকার অবিচ্ছেদ্য বন্ধনে বাঁধা, আমরা ভালোবেসেই যাবো। যদি মরতে হয় এক সাথেই মরবেন কবি তাঁর প্রেমিকার সাথে।

‘The Canonization’ কবিতায় ডান বলেছেন,

“হায়, আমার ভালোবাসা কার ক্ষতি করেছে? কোন সওদাগরের জাহাজ ডুবিয়েছে আমার দীর্ঘশ্বাস? কে বলেছে যে আমার অশ্রু তার উঠান ডুবিয়ে দিয়েছে?”

“What merchant’s ships have my sighs drowned?

Who says my tears have overflowed his ground?”

ডানের মিনতি হলো, সবাই নিজের মতো কাজ করো আর আমাকে আমার মতো ভালোবাসতে দাও।

ভালোবাসবার এ চির আকুতি তিনি নিজের মধ্যে প্রবলভাবে ধারণ করতেন।



**For God's sake
hold your tongue,
and let me love.**

John Donne

দোহাই তোদের, একটুকু চুপ
কর।

ভালোবাসিবারে দে আমারে
অবসর।”

রবীন্দ্রনাথ ঠাকুর।

শেষের কবিতা (অমিত)



The Good Morrow



The Good Morrow

- "*The Good Morrow*" হলো প্রেমের শারীরিক আকর্ষণ থেকে আধ্যাত্মিক মিলনের যাত্রা।
- কবিতার শুরুতে কবি প্রেমিক-প্রেমিকার অতীত জীবনকে মূল্যায়ন করেছেন। তিনি বলেছেন, প্রেমের আগে তাদের জীবন ছিল যেন একটি গভীর ঘুম বা শিশুসুলভ আনন্দে ভরা, যেখানে প্রকৃত প্রেমের কোনো অভিজ্ঞতা ছিল না।
- দ্বিতীয় স্তবক: প্রেমের পূর্ণতা এবং আত্মার মিলন

The Good Morrow

- এটি মূলত অশরীরী প্রেমের কবিতা। কবি কবিতাটির প্রথমেই কৈশোরকালের অবুঝ ভালোবাসার কথা বলেছেন যা কিনা মাতৃস্তন পানরত শিশুর মতো কিংবা ইফেসাস রাজ্যের গুহায় ঘুমন্ত সাতভাই-এর মতো।
- দ্বিতীয় পর্বে কবি পরম আত্মবিশ্বাসের সাথে পরিপক্ব ভালোবাসাকে স্বাগত জানিয়েছেন। কারণ ভালোবাসা হওয়ার পর প্রেমিক প্রেমিকার চিত্তে কোনো ভয় থাকে না। যদিও তাঁরা আলাদা ভুবনে বাস করেন, তাঁরা মিলিত হয়ে একটি নতুন জগৎ সৃজন করতে পারেন এবং একটি কক্ষকে রূপান্তর করতে পারেন মহাবিশ্বে। মৃত্যুর পরও ভালোবাসা অমর থাকবে। কোনো কিছুই তাদের ভালোবাসাকে নষ্ট করতে পারবে না।

“For love all love of
other sights controls
and makes one little
room an everywhere.”

-The Good Morrow



CELEBRATING THE 10TH ANNIVERSARY
OF THE CLASSIC MOVIE

The *Notebook*

NICHOLAS SPARKS

#1 NEW YORK TIMES BESTSELLER



“If our two loves be one or
thou and I love so alike that
none do slacken none can die.”

-The Good Morrow

Go & Catch a Falling Star



Go and Catch a Falling Star

Go and catch a falling star,
Get with child a mandrake root,
Tell me where all past years are,
Or who cleft the devil's foot,
Teach me to hear mermaids singing,
Or to keep off envy's stinging,
And find
What wind
Serves to advance an honest mind.

If thou be'st born to strange sights,
Things invisible to see,
Ride ten thousand days and nights,
Till age snow white hairs on thee,
Thou, when thou return'st, wilt tell me,
All strange wonders that befell thee,
And swear,
No where
Lives a woman true, and fair.

If thou find'st one, let me know,
Such a pilgrimage were sweet;
Yet do not, I would not go,
Though at next door we might meet;
Though she were true, when you met her,
And last, till you write your letter,
Yet she
Will be
False, ere I come, to two, or three.



John Donne



- John Donne-এর "*Go and Catch a Falling Star*" একটি ব্যঙ্গাত্মক ও বুদ্ধিদীপ্ত কবিতা, যেখানে কবি নারীর আনুগত্য এবং বিশ্বস্ততার বিষয়ে নিজের সংশয় এবং অভিজ্ঞতা তুলে ধরেছেন।
- কবিতা শুরু হয় এমন কিছু অসম্ভব কাজের উল্লেখ দিয়ে, যেমন:
 - একটি পতনশীল তারা ধরা।
 - ম্যাড্রেক গাছের মূল খুঁজে বের করা।
 - শয়তানের পা চিহ্ন শনাক্ত করা।
- এগুলোর মাধ্যমে কবি ইঙ্গিত দেন যে, বিশ্বস্ত নারী খুঁজে পাওয়াও তেমনই অসম্ভব।

- কবি জন ডান তাঁর “Go and Catch a Falling Star” কবিতায় একজন সৎ এবং নিষ্ঠাবান নারীকে অন্বেষণ করেছেন। কবি বলেছেন, তোমাকে সারাজীবন অন্বেষণ করার সুযোগ দিলাম, সারা বিশ্ব পরিভ্রমণ করে একজন সৎ রমণীর সন্ধান আমাকে এনে দাও। **দশ হাজার দিন এবং রাত ভ্রমণ করেও একজন বিশ্বস্ত নারী খুঁজে পাওয়া সম্ভব নয়।** কবি বলেছেন এমন রমণীর সন্ধান লাভ করা সত্যিই কঠিন। যদি এমন নারী খুঁজে পাও, তার মাঝে কিছুটা ত্রুটির ছোঁয়া অবশ্যই থাকবে। যদিও কোনো নারী বিশ্বস্ত থাকে, তবে দেখা যাবে, সে কোনো না কোনো সময় কোনো কারণে অশ্বস্ততার কর্ম করে বসেছে। **একজনের প্রতি নিষ্ঠাবান থাকার পরও সে প্রেমিকের অনুপস্থিতির কারণে সে অন্য জনকে বিলিয়ে দিতে পারে তাঁর প্রেমা।**

Batter my heart

কেউ আমারে মাইরালা



John Donne

Batter my heart, three-personed
God, for you As yet but knock;
breathe, shine, and seek to
mend; That I may rise, and
stand, o'erthrow me, and bend
Your force to break, blow, burn,
and make me new.

AZ QUOTES

Batter my heart

"Batter My Heart, Three-Personed God" একটি গভীর এবং আবেগপ্রবণ ধর্মীয় কবিতা। কবি এখানে মহান ঈশ্বরের কাছে আবেদন করেছেন, তিনি যেন তাঁর ভেতরের সকল পঙ্কিলতা আঘাত করে দূর করে দেন। কবির হৃদয়ে ঠাঁই নিয়েছে অশুভ শয়তান, এই শয়তানের কবল হতে নিজেকে মুক্ত করতে চান কবি। কবি মনে করেন মহান ঈশ্বরের স্পর্শ পেলেই সকল অশুভ দিকগুলো পালিয়ে যাবে। কবি চান কোনো ন্যায়পরায়ণ শাসক এসে যেন এই শহরের দখল নিয়ে কবিকে অশুভ বিষয় হতে মুক্ত করেন। কবি এখানে ন্যায়পরায়ণ শাসক বলতে ঈশ্বরের আগমনকেই কামনা করেছেন।



“...But am betrothed unto your enemy;
Divorce me, untie or break that knot again,
Take me to you, imprison me, for I,
Except you enthrall me, never shall be free,
Nor ever chaste, except you ravish me.”

- "...কিন্তু আমি তোমার শত্রুর সাথে যুক্ত,
আমাকে বিচ্ছেদ করো, সেই বন্ধন খুলে দাও বা ভেঙে ফেলো,
আমাকে তোমার কাছে নিয়ে যাও, বন্দী করো, কারণ আমি,
তোমার দ্বারা সম্পূর্ণ আকৃষ্ট না হলে, কখনোই মুক্ত হতে পারব না,
এবং কখনোই পবিত্র হতে পারব না, যদি তুমি আমাকে গ্রাস না
কর।"

John Donne became Priest in later stage of life.



Death be not proud



Death Be Not Proud

Death be not proud, though some have called thee
Mighty and dreadfull, for, thou art not soe,
For, those, whom thou think'st, thou dost overthrow,
Die not, poore death, nor yet canst thou kill mee.
From rest and sleepe, which but thy pictures bee,
Much pleasure, then from thee, much more must flow,
And soonest our best men with thee doe goe,
Rest of their bones, and soules deliverie.
Thou art slave to Fate, Chance, kings, and desperate
men,
And dost with poyson, warre, and sicknesse dwell,
And poppie, or charmes can make us sleepe as well,
And better then thy stroake; why swell'st thou then?
One short sleepe past, wee wake eternally,
And death shall be no more; death, thou shalt die.

John Donne

Death Be Not Proud

- কবি এখানে মৃত্যুর প্রসঙ্গ টেনে বলেছেন; মৃত্যু অতোটা ভয়াল আর শক্তিমান নয়। কবি মনে করেন মৃত্যু এসে কখনোই অনন্ত জীবনকে ধ্বংস করতে পারে না। কবির মতে, মৃত্যু হচ্ছে স্বল্পকালীন কবর গৃহের নিদ্রা মাত্র, কিন্তু সামনে পড়ে আছে অনন্ত স্বর্গীয় জীবন। কবি মনে করেন, মৃত্যু আসলে দেহের কাঁরাগার হতে আত্মাকে মুক্ত করে, আত্মা মিলে যায় অনন্ত জীবন যাত্রায়, এ কারণে পুণ্যবান যুবারা অকালেই প্রাণ ত্যাগ করে। মৃত্যুর দরোজায় রাজা, ক্রীতদাস, অভাজন সবাই সমান। বিষের দাহ, আফিমের নেশায় মরণের কোলে ঢলে পড়ার চাইতে এই মৃত্যুকেই কবি স্বাগত জানিয়েছেন।

Quotes

Love alike, no season
knows, nor claims, no
hours, days, month.

(The sun rising)

She's all states and all
princess, I, Nothing
else is.

(The sun rising)

For God's sake, hold
your tongue and let
me love.

(The canonization)

Andrew Marvell:

Another

Metaphysical

Poet

Poems:

- To his Coy Mistress
- The definition of love
- The garden

“To His Coy Mistress” by Andrew Marvell



To his Coy Mistress

- কবিতায় প্রেমিক তার প্রেমিকাকে আহ্বান করেছে। প্রেমিকের মতে, যদি তাদের যথেষ্ট পরিসর ও সময় থাকত তবে তার প্রেমিকার লজ্জাশীলতায় সে কিছু মনে করতো না।

"Had we but would enough, and time this coyness lady
were no crime."

- যদি তাদের বিন্যাসে বা মিলনে যথেষ্ট সময় থাকতো তবে সে তার প্রিয়তমাকে মহাপ্লাবনের দশ বছর আগে থেকে ভালোবাসা শুরু করত। কিন্তু সময় খুব সংক্ষিপ্ত হবার দরুণ কবি আক্ষেপ করে বলেন,

"But of my back I always hear
Times winged chariot hurrying near;



ANURAM PRESENTS

এখনতো সময়
ভালবাসার



To his Coy Mistress

- সৌন্দর্যও ক্ষণস্থায়ী। একদিন তাদের কবরে যেতে হবে। কবি মনে করেন তাঁর প্রেমিকার রূপটি হয়তো তিনি আর দেখতে পাবেন না কারণ কবির মৃত্যুর পর প্রেমিকার রূপের চিত্র তাঁর কবরে প্রবেশ করবে না, দেহ হবে ছাইভস্ম, যে দেহকে আর আলিঙ্গন করা সম্ভব হবে না। কবি এ কারণে প্রিয়ার সাথে কিছুটা সময় খেলা করতে চান, কবি জানেন এই সময় তার স্থির থাকবে না, একদিন এ শরীর ছাইভস্মে রূপ নেবে।





Love has no age

The Definition of Love: Andrew Marvell



The Definition of Love

- এখানে কবি শারীরিক ভালোবাসাকে প্রাধান্য না দিয়ে আধ্যাত্মিক ভালোবাসার উপর গুরুত্ব প্রদান করেছেন। ভালোবাসাকে তিনি স্বর্গীয় বিষয় বলে মনে করেন, এ ভালোবাসায় আছে অনন্ত চিরতৃষ্ণা আর হতাশার মিশ্রণ। কবি বলেন নিয়তি এমনই কঠিন আর নির্মম যে, কবি আর তাঁর প্রেমিকাকে দু মেরুতে রেখেছে, দুজনকে মিলতে দেয় না কখনো। কবি বলেন, তিনি আর তাঁর প্রেমিকা মিলতে পারবেন যদি এই পৃথিবীটা কখনো সমতল ক্ষেত্রে পরিণত হয়। বাঁকা রেখা তো যে কোনো স্থানে মিলতে পারে কিন্তু কবি এবং তাঁর প্রেমিকা দুজনে দুটি সরল রেখায় অবস্থান করছেন এজন্য মিলতে পারছেন না। বক্ররেখা দ্বারা কবি শারীরিক প্রেমের কথা বলেছেন আর সরল রেখা প্রতীকে তিনি বলেছেন আধ্যাত্মিক প্রেমের কথা।

A Religious Poet

Poem
Analysis




George Herbert

“

Living well
is the best revenge

”



Jordan
Harling



EASTER

WINGS

George Herbert



PENGUIN CLASSICS

GEORGE HERBERT

The Complete English Poems

কবি জর্জ হার্বার্ট তাঁর 'Easter Wing' কবিতায় যিশুর পুনরুত্থানের দিকটিকে মনে রেখে এ কবিতা রচনা করেছেন। কবি বলেন মহান ঈশ্বর মানব সৃষ্টি করেছেন সকল প্রাচুর্যসহকারে কিন্তু এ মানবকুল তা দূরে ঠেলে ফেলেছে বুদ্ধির ভুলে এবং শেষ পর্যায়ে সে দারিদ্রের চরম সীমায় উপনীত হয়েছে। নানা শোক, তাপ, পাপের বেদনার গ্লানি বইতে হচ্ছে তাকে। কবি অনুতপ্ত হয়ে ঈশ্বরের কাছে অনুরোধ জানান, তাঁর নতুন করে জাগরণ ঘটানোর। কবি বলেন এই জাগরণের মধ্য দিয়ে তাঁর মাঝে ধ্বনিত হোক পুনরুত্থান দিবসের সঙ্গীত। আর কবি এটাও বলেন যে, এমনটি ঘটার পর তিনি প্রভুর দয়ায় উড়ে যাবেন স্বর্গলোকে।

The Collar

by George Herbert



The Collar কবিতার

সারমর্ম

- এই কবিতার শিরোনাম গলাবন্ধনী। এই গলাবন্ধনী এখানে **রূপক** হিসেবে ব্যবহৃত হয়েছে। **গলাবন্ধনী দ্বারা কবি মানুষের শৃঙ্খলিত রূপকে দেখিয়েছেন।** মানবাত্মা বের হওয়ার পথে নানা সাংসারিক বাধা-বিপত্তি এসে পথ রোধ করে দাঁড়ায়। সংসার যেন তাকে এক খাঁচায় আবদ্ধ করে রেখেছে, যে খাঁচার বন্ধন হতে তিনি মুক্ত হতে চান। কবি বলেন, তার আছে এক স্বাধীন সত্ত্বা, তিনি কেন এমন বন্দী দশায় আটকে থেকে সারাজীবন হতাশার দীর্ঘশ্বাস দ্বারা চারপাশ ভারি করে তুলবেন। **কবি মনে করেন তার সামনে আছে বের হওয়ার খোলা পথ, তার আত্মা পুরোই স্বাধীন, কেউ তাকে আটকে রাখতে পারবে না, জীবনটা তার একেবারে খোলামেলা রাস্তার মতো।**